সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২৪/২০৮

১২ ডিসেম্বর ২০২৪

# সম্মানিত সদস্যগণের জন্য

বিষয় ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত অর্থনৈতিক শুমারি ২০২৪ এ তথ্য প্রদানসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান সংক্রান্ত।

প্রিয় মহোদয়,

আস্সালামু আলাইকুম।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পূর্বের ধারাবাহিকতায় বর্তমানে ২০২৪ সালে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারির কার্যক্রম চলমান রয়েছে। এ শুমারি হতে প্রাপ্ত তথ্য-উপাত্ত দেশের অর্থনৈতিক অবস্থার বিস্তারিত তথ্য তুলে ধরবে, যা নতুন বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। অর্থনৈতিক শুমারি ২০২৪ এর তথ্য সংগ্রহ কার্যক্রম ১০-২৬ ডিসেম্বর ২০২৪ দেশব্যাপী অনুষ্ঠিত হবে। উক্ত কার্যক্রমে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলী, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্য-উপাত্ত সংগ্রহ করা হবে। **উপরোক্ত বিষয়ে বিবিএস হতে প্রাপ্ত পত্রটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।**

২। অতএব, **১০-২৬ ডিসেম্বর ২০২৪ তারিখে** অনুষ্ঠেয় জাতীয় এ গুরুত্বপূর্ণ কার্যক্রম সুষ্ঠু ও সূচারুরূপে সম্পাদনের লক্ষ্যে তথ্য সংগ্রহকারী শুমারিকর্মীগণকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য বিজিএমইএ'র সকল সদস্য প্রতিষ্ঠানসমূহকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

এ ব্যাপারে সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,

12/12/2024

মোঃ ফয়জুর রহমান
মহা-সচিব


BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
**অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প**
পরিসংখ্যান ভবন (৯ম তলা, ব্লক-এ)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং- ৫২.০১.০০০০.৬৩৫.১৮.০১৪.২৪-২১১১৪

তারিখঃ ২৬ কার্তিক, ১৪৩১
১১ নভেম্বর, ২০২৪

**বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত অর্থনৈতিক শুমারি ২০২৪ এ তথ্য প্রদানসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে শুমারি ও জরিপ পরিচালনার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক ও জনতাত্ত্বিকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিসংখ্যান প্রণয়ন করে আসছে। বিবিএস কর্তৃক পরিচালিত শুমারিসমূহের মধ্যে জনশুমারি ও গৃহগণনা, কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি উল্লেখযোগ্য। তিনটি উল্লেখযোগ্য শুমারির মধ্যে বর্তমানে অর্থনৈতিক শুমারি ২০২৪ এর কার্যক্রম চলমান রয়েছে। দেশের ১ম অর্থনৈতিক শুমারি ১৯৮৬ সালে অনুষ্ঠিত হয়। এরপর ২০০১ ও ২০০৩ সালে দুটি পর্যায়ে ২য় অর্থনৈতিক শুমারি এবং ২০১৩ সালে ৩য় অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় ২০২৪ সালে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ শুমারি হতে প্রাপ্ত তথ্য-উপাত্ত দেশের অর্থনৈতিক অবস্থার বিস্তারিত চিত্র তুলে ধরবে, যা নতুন বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

০২। অর্থনৈতিক শুমারি ২০২৪ এর তথ্য সংগ্রহ কার্যক্রম আগামী ১০-২৬ ডিসেম্বর, ২০২৪ দেশব্যাপী অনুষ্ঠিত হবে। উক্ত কার্যক্রমে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলী, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্য-উপাত্ত সংগ্রহ করা হবে। সারাদেশে প্রায় ৯৫ হাজার তথ্যসংগ্রহকারী, ১৯ হাজার সুপারভাইজার, ২৬০০ আইটি সুপারভাইজার এবং ২৬০০ জোনাল অফিসার এ কার্যক্রমে নিয়োজিত থাকবেন। জাতীয় এ গুরুত্বপূর্ণ কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নে আপনার প্রতিষ্ঠানসহ অধীনস্থ সংস্থার কর্মচারীগণের সর্বাত্মক সহযোগিতা একান্ত আবশ্যক।

০৩। বর্ণিতাবস্থায়, আগামী ১০ হতে ২৬ ডিসেম্বর, ২০২৪ তারিখে অনুষ্ঠেয় অর্থনৈতিক শুমারি সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে বিজিএমইএ এর অধীন প্রতিষ্ঠানকে তথ্য প্রদানসহ শুমারিকর্মীগণকে প্রয়োজনীয় সহযোগিতার নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো।

১১/১১/২০২৪
মোহাম্মদ মিজানুর রহমান
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
☎: ০২-৫৫০০৭০৫৬
ই-মেইল: dg@bbs.gov.bd

প্রেসিডেন্ট
বিজিএমইএ
বিজিএমইএ কমপ্লেক্স, উত্তরা, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। প্রকল্প পরিচালক, অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প, বিবিএস।
২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ...................... বিভাগ।
৪। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, ...................... জেলা।
৫। জেলা শুমারি সমন্বয়কারী, ......................শুমারি জেলা।
৬। অফিস কপি।

BGMEA DHAKA

| | |
|---|---|
| Administration | Gas & Electricity |
| Accounts | Health |
| Arbitration | Insurance |
| Customs | Labour |
| CMC | Membership |
| C & M | MIS |
| Communication | PR |
| Fair | TFC |
| Fire & Safety | SDP |
| Signature: | |
| Dispatch No: 10,394 | Date: 11.12.24 |

| |
|---|
| ডাইরী নং |
| তারিখ |
| অতিরিক্ত সচিব/উন্নয়ন |
| অতিঃ সচিব (এপিডি/সিপিটি) |
| অতিঃ সচিব (প্রশাসন/বাজেট) |
| অতিঃ সচিব (শৃঙ্খলা/আইন) |
| অতিঃ সচিব (সওব্য/বিধি) |
| অতিঃ সচিব (নিয়োগ/পদায়ন) |
| পিএস |
| সিনিয়র সচিব |

**জরুরি**

মোঃ মাহবুব হোসেন
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
ফোনঃ ৫৫০০৭৩৭৩
মোবাইলঃ ০১৩০৯০১১৩৩৩
ই-মেইলঃ secy@sid.gov.bd

আধা-সরকারি পত্র নম্বর: ৫২.০০.০০০০.০০৮.১৪.৯৪১.২৪-৪১০

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ / ১৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

শ্রদ্ধেয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে আসছে। এসব শুমারি ও জরিপের মাধ্যমে প্রণয়নকৃত পরিসংখ্যান দেশের আর্থ-সামাজিক উন্নয়নের নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিবিএস কর্তৃক পরিচালিত শুমারিসমূহের মধ্যে জনশুমারি ও গৃহগণনা, কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি উল্লেখযোগ্য। দেশের ১ম অর্থনৈতিক শুমারি ১৯৮৬ সালে অনুষ্ঠিত হয়। এরপর ২০০১ ও ২০০৩ সালে দু'টি পর্যায়ে ২য় অর্থনৈতিক শুমারি এবং ২০১৩ সালে ৩য় অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ সময়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি। ৪র্থ অর্থনৈতিক শুমারিতে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলি, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করা হবে, যার মাধ্যমে দেশের অর্থনীতির সামগ্রিক চিত্র উঠে আসবে।

০২। ৪র্থ অর্থনৈতিক শুমারির তথ্য-উপাত্তসমূহ ট্যাবের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে সংগ্রহ করা হবে। শুমারির গণনা এলাকার ম্যাপ প্রস্তুতের পাশাপাশি ইতোমধ্যে দেশের ১ কোটি ২২ লক্ষের অধিক অর্থনৈতিক ইউনিট তালিকাভুক্ত করা হয়েছে। সারাদেশে প্রায় ৯৫,০০০ তথ্যসংগ্রহকারী, ১৯,০০০ সুপারভাইজার, ২,৬০০ আইটি সুপারভাইজার এবং ২,৬০০ জোনাল অফিসার প্রকল্প দলিলের সংস্থান অনুযায়ী অস্থায়ীভাবে এ কার্যক্রমে নিয়োজিত থাকবেন। এ কার্যক্রম বিবিএস কর্তৃক পরিচালনা করা হলেও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার কর্মচারীগণও নিয়োজিত রয়েছেন। জাতীয় গুরুত্বপূর্ণ এ কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নে ইতোমধ্যে বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত শুমারি কমিটিসমূহের সভা আয়োজনসহ জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থার কর্মচারীগণের সর্বাত্মক সহযোগিতা একান্ত আবশ্যক।

০৩। বর্ণিতাবস্থায়, আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত অনুষ্ঠিতব্য অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থার কর্মচারীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

শ্রদ্ধান্তে

আন্তরিকভাবে আপনার

মোঃ মাহবুব হোসেন

ড. মো: মোখলেস উর রহমান
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

স্মারক নং- ০৫.০০.০০০০.০২১.২৫.০০২.২৪-৭৪

তারিখ: নভেম্বর ১৪, ২০২৪ খ্রি:

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে:

১.জনপ্রশাসন মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা প্রধান

..................................

২. বিভাগীয় কমিশনার (সকল)

..........................

৩. জেলা প্রশাসক (সকল)

..............................

ড. মোঃ মোখলেস উর রহমান
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ শাখা
www.cabinet.gov.bd

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.১৮.০০৭.২২.৩০১

**বিষয়: আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ সময়ে অনুষ্ঠিত ৪র্থ অর্থনৈতিক শুমারি বাস্তবায়নে সহযোগিতা প্রদান সংক্রান্ত।**

সূত্র: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আধা-সরকারি পত্র নম্বর: ৫২.০০.০০০০.০০৮.১৪.৯৪১.২৪-৪০৯ তারিখ: ১৩.১১.২০২৪

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে প্রাপ্ত আধা-সরকারি পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ সময়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি যেখানে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলি, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করা হবে, যার মাধ্যমে দেশেরে অর্থনীতির সামগ্রিক চিত্র উঠে আসবে।

০২। জাতীয় গুরুত্বপূর্ণ এ কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের সক্রিয় অংশগ্রহণ প্রয়োজন। ৪র্থ অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং তাদের অধীন অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ জানানো হয়েছে।

০৩। এমতাবস্থায়, ৪র্থ অর্থনৈতিক শুমারি সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে

১৬-১১-২০২৪
মু. মাহমুদ উল্লাহ মারুফ
সিনিয়র সহকারী সচিব
০২২২৩৩৫৫৪৪৭ (ফোন)
৯৫৭৩৫৩৩ (ফ্যাক্স)
dfal_sec@cabinet.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব/সচিব (সকল);
২। বিভাগীয় কমিশনার (সকল);
৩। জেলা প্রশাসক (সকল) এবং
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.৫১২.১৮.০০৭.২২.৩০১/১ (২)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং
২। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।

১৬-১১-২০২৪
মু. মাহমুদ উল্লাহ মারুফ
সিনিয়র সহকারী সচিব